

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সাভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৪২

তারিখ:

১২ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ

২৭ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৮৪৯ তম কমিশন সভা অদ্য ২৭/১২/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

০১. কমিশন অদ্যকার সভায়, Pubali Bank Limited এর ৭০০ (সাতশত) কোটি টাকা অভিহিত মূল্যের Non-Convertible, Privately Placed, Floating-rate, 3rd Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার Range of Coupon Rate ৬.০০% থেকে ৯.০০%। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০০,০০০/- (এক কোটি) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Pubali Bank Limited এর Tier-II Capital Base শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে DBH Finance PLC এবং Arranger হিসাবে কাজ করছে Standard Chartered Bank। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

০২. কমিশন অদ্যকার সভায়, Social Islami Bank Limited এর ৬০০ (ছয়শত) কোটি টাকা অভিহিত মূল্যের SIBL 4th Non-Convertible, Unsecured, Mudaraba Subordinated Floating Rate Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। উক্ত বন্ডের মুনাফার হার শরীয়াহভিত্তিক ব্যাংকসমূহের সর্বশেষ প্রকাশিত ৬ মাস মেয়াদী আমানতের সর্বোচ্চ হার এর গড়কে রেফারেন্স রেট হিসাবে বিবেচনা করে তার সাথে ২% মার্জিন যোগ করে ষাণ্মাসিক ভিত্তিতে নির্ধারণ করতে হবে। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০০,০০০/- (এক কোটি) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Social Islami Bank Limited এর Tier-II Capital Base শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে DBH Finance PLC এবং Arranger হিসাবে কাজ করছে Standard Chartered Bank। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

০৩. কমিশন অদ্যকার সভায়, Islami Bank Bangladesh Limited (IBBL) এর প্রস্তাবিত ৭ বছর মেয়াদী ৮০০ কোটি টাকার IBBL Fourth Mudaraba Redeemable Non-Convertible Floating-rate Subordinated Bond ইস্যুর জন্য সম্মতি প্রদান করেছে, যার কুপন হার শরীয়াহভিত্তিক ব্যাংকসমূহের(বিদেশী ইসলামী ব্যাংক এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত জেড ক্যাটাগরি ইসলামী ব্যাংক ছাড়া) সর্বশেষ প্রকাশিত(বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে) ৬ মাস মেয়াদী আমানতের সর্বোচ্চ হার এর গড় রেফারেন্স রেট হিসেবে বিবেচনা করে তার সাথে ২% মার্জিন যোগ করে ষাণ্মাসিক ভিত্তিতে নির্ধারিত হবে। এর প্রতি ইউনিট অভিহিত মূল্য ১০ লক্ষ টাকা। আর্থিক প্রতিষ্ঠান, ইন্স্যুরেন্স কোম্পানি, প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, কর্পোরেট ও উচ্চ

(Signature)

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সম্পদশালী একক বিনিয়োগকারীদের মাঝে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বন্ডটি ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ডের টাকায় IBBL তাদের Tier-II Capital Base শক্তিশালী করবে এবং প্রচলিত ব্যবসায় বিনিয়োগ করবে। DBH Finance PLC বন্ডটির ট্রাস্টি হিসেবে কাজ করছে। এছাড়াও, শর্তানুযায়ী বন্ডটি Alternative trading Board এ অন্তর্ভুক্ত হবে।

০৪. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি ফান্ড ‘Grameen Bank AIMS First Unit Fund’-এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১৫৭.৫০ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা ‘Grameen Bank’ ১০০.০০ কোটি টাকা প্রদান করেছে। প্রি-আইপিও প্রাইভেট প্লেসমেন্ট (Pre-IPO Private Placement)-এর ১৮.১২ কোটি টাকা এবং বাকি ৩৯.৩৮ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হলো ‘AIMS of Bangladesh Limited’। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে ‘সম্বাদী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড’ এবং ‘ব্রাক ব্যাংক লিমিটেড’।

Muhammad Rezaul Karim
২৭-১২-২০২২
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র